



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ০৭ মে, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ৭ মে, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল সাড়ে ১০টায় শারীরিক শিক্ষা ভবনে উন্মুক্ত দাবা, ক্যারম ও টেবিল-টেনিস প্রতিযোগিতা-২০১৮ এর শুভ উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, শিক্ষা ও গবেষণার পাশাপাশি এ বিশ্ববিদ্যালয় খেলাধুলায়ও এগিয়ে যাচ্ছে। আগামী আগস্ট ২০১৮ তে দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত ক্যারম বিশ্বকাপে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করবে এই বিশ্ববিদ্যালয়ের দুই জন ছাত্রী। প্রতি বছর নিয়মিতভাবে এই আয়োজন দক্ষ খেলোয়ার তৈরীতে ভূমিকা রাখবে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এ সময় অন্যান্যদের মধ্যে খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর জনাব জহীর উদ্দিন আহমদ এবং শারীরিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক চৌধুরী সউদ বিন আশ্বিয়া উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, তিনটি ইভেন্টে ১৫৪ জন শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। আগামী ৯মে প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)  
রেজিস্ট্রার